**Times Today BD**

জিএম সিরাজ | রংপুর | 01 June, 2025

কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় প্রথমবারের মতো শুরু হয়েছে একই ছাদের নিচে আমিষ জাতীয় প্রোটিন সমাহার বিপনন কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।রবিবার দুপুরে উপজেলার রাজারহাট বাজারে প্রোটিন সমাহার বিপননের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার আল ইমরান।

প্রোটিন সমাহার বিপনন কেন্দ্রে আমিষ জাতীয় খাদ্যে সুলভ মূল্যে পাওয়া যাবে ছোট-বড় মাছ,খাসি মাংস,হাঁস, মুরগি, ডিম,দুধ ইত্যাদি।প্রতিদিন সকাল ৮টা হতে রাত ৯টা পর্যন্ত এই বিপনন কেন্দ্রটি খোলা থাকবে।

এসময় আরও উপস্থিত ছিলেন,উপজেলা মেডিকেল অফিসার গোলাম রসূল রাখী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ রহমত আলী, প্রেজেন্ট ম্যানেজার ফেরদৌস হাসান প্রধান, বিজনেস ডেভেলপমেন্ট অফিসার নুরজাহান সোনালী প্রমুখ।

কুড়িগ্রামের বেসরকারি সংস্থা পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন পিকেএসএফ এর সহোযোগিতায় ইফাদের অর্থায়নে রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফারমেশন প্রজেক্ট (আরএমটিপি) প্রকল্পের আওতায় আরডিআরএস বাংলাদেশ বাস্তবায়নে তিন বছর মেয়াদি নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভেলুচেইন উন্নয়ন প্রকল্পের আওতায় রংপুর বিভাগের রংপুর সদর,পীরগাছা,কাউনিয়া,সুন্দরগঞ্জ,রাজারহাট উপজেলায় এ প্রকল্প বাস্তবায়ন হচ্ছে।

উদ্বোধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:19

URL: https://www.timestodaybd.com/public/rangpur/7758073241